# স্বালাতে মুবাশ্‌শির

বিভাগ/অধ্যায়ঃ বিত্‌র

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

---

এক রাতে দুইবার বিত্‌র নিষিদ্ধ

রাত্রের সর্বশেষ নামায হল বিতরের নামায। বিতরের পর আর কোন নামায নেই। অতএব যদি কেউ শেষ রাত্রে উঠতে পারবে না মনে করে এশার পর বিত্‌র পড়ে নেয় অতঃপর শেষ রাত্রে উঠতে সক্ষম হয়, সে তাহাজ্জুদ পড়বে কিন্তু আর দ্বিতীয় বার বিত্‌র পড়বে না। কারণ, মহানবী (ﷺ) বলেন, “এক রাতে দুটি বিত্‌র নেই।” (আহমাদ, মুসনাদ, আদ:, তিরমিযী, সুনান, নাসাঈ, সুনান, ইবনে হিব্বান, সহীহ, বায়হাকী, জামে ৭৫৬৭নং)
“তোমরা বিত্‌র নামাযকে রাতের শেষ নামায কর।” (বুখারী, মুসলিম, আবূদাঊদ, সুনান, ইর: ৪২২নং)

---

Source — https://www.hadithbd.com/books/link/?id=3032

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন